গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৪ শাখা

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২৩" পালনের নিমিত্ত রেলপথ মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ইয়াসীন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৫.০৭.২০২৩ |
| সভার সময় | সকাল ১১:০০ টা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং- ৯৩০) |
| উপস্থিতি | সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক |

সভাপতি সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতীয় শোক দিবসটি যথাযথ মর্যাদার সাথে পালন উপলক্ষে কর্মসূচি গ্রহণের জন্য আলোচনা শুরু করেন। তিনি আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণীর গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ সভাকে অবহিত করার জন্য উপসচিব (প্রশাসন-২)-কে অনুরোধ করেন।

০২। উপসচিব (প্রশাসন-২) সভায় জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী যথাযথ মর্যাদায় প্রতিবছর পালন করা হচ্ছে। জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৭.০৬.২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে। বিগত বছরেও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্তের আলোকে রেলপথ মন্ত্রণালয় এ দিবসটি পালন করেছে। “জাতীয় শোক দিবস ২০২৩” যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে।

০৩। উপসচিব (প্রশাসন-২) সভায় “জাতীয় শোক দিবস ২০২৩” পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত কার্যবিবরণীতে উল্লিখিত গৃহীত সিদ্ধান্তসমূহ এবং রেলপথ মন্ত্রণালয় কর্তৃক “জাতীয় শোক দিবস ২০২২” পালন উপলক্ষ্যে গৃহীত বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ রেলওয়ে ও এর অধীনস্থ দপ্তরসমূহ এবং জিআইবিআর কি ধরণের কর্মসূচি গ্রহণ করতে পারে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন/তত্ত্বাবধান |
|---|---|---|
| ০১। | রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়েসহ অধস্তন সকল দপ্তরসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।<br>২. সরকারি রেল পরিদর্শক জিআইবিআর। |
| ০২। | (ক) আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ টায় রেলভবনস্থ বঙ্গবন্ধু কর্ণারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করতে হবে।<br>(খ) আগামী ০১ আগস্ট ২০২৩ তারিখ হতে রেলপথ মন্ত্রণালয় ও অধস্তন বাংলাদেশ রেলওয়ে এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক কালো ব্যাচ ধারণ করতে হবে।<br>(গ) জাতির পিতার ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য স্বাস্থ্যবিধি অনুসরণ করে রেলপথ মন্ত্রণালয় এবং বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলে সুবিধাজনক সময়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।<br>২. যুগ্মসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়।<br>৩. সরকারি রেল পরিদর্শক জিআইবিআর। |

| | | |
|---|---|---|
| ০৩। | আগস্ট/২০২৩ মাসব্যাপী "বঙ্গবন্ধু শেখ মুজিব ভ্রাম্যমান রেল জাদুঘর" মিটারগেজ কোচ চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে এবং ব্রডগেজ কোচ টুঙ্গিপাড়া রেলওয়ে স্টেশনে জনসাধারণের জন্য প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।<br>২. এডিজি (আরএস) বাংলাদেশ রেলওয়ে। |
| ০৪। | আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখে ঢাকা কমলাপুর, রাজশাহী ও চট্টগ্রাম রেলওয়ে স্টেশনে রক্তদান কর্মসূচির আয়োজন করতে হবে। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।<br>২. সিএমও (পূর্ব/পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে। |
| ০৫। | আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা পালনসহ বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন শিক্ষা-প্রতিষ্ঠানসমূহে বঙ্গবন্ধুর উপর নির্মিত ভিডিও চিত্র প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ০৬। | আরএনবি (রাজশাহী ও চট্টগ্রাম) জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণসহ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের ব্যবস্থা গ্রহণ করবে। | ১. মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে।<br>২. সিসিআরএনবি (পূর্ব/পশ্চিম), বিআর। |
| ০৭। | জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানসমূহে বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ০৮। | বাংলাদেশ রেলওয়ের নিয়ন্ত্রণাধীন ধর্মীয় উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার আয়োজন করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ০৯। | আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখে রেলওয়ে হাসপাতালে বিশেষ খাবারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ১০। | রেলভবনে দুটি ড্রপ ডাউন ব্যানার প্রদর্শনের ব্যবস্থাসহ দিবসের সাথে সামঞ্জস্যপূর্ণ ফেস্টুন দিয়ে রেলভবনসহ অধস্তন অফিসসমূহ সজ্জিত করতে হবে। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ১১। | কেন্দ্রীয় কর্মসূচি ও রেলপথ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ রেলওয়ের উভয় অঞ্চলসহ অধস্তন অফিসসমূহ নিজস্ব কর্মসূচি প্রণয়ন করবে। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে এ বিষয়ে যথাযথ নির্দেশনা প্রদান করবেন। | মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে। |
| ১২। | আগামী ০৮ আগস্ট ২০২৩ তারিখে ফলো-আপ সভা আয়োজন করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়। |

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ ইয়াসীন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৯.২৩.০১৬.১৯.১৬৭

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০
২৬ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
২) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৩) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ, গুলশান, ঢাকা
৪) যুগ্মসচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়
৫) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ রেলওয়ে

৬) সরকারি রেল পরিদর্শক (জিআইবিআর), রেলপথ পরিদর্শন অধিদপ্তর

৭) মহাব্যবস্থাপক (পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী

৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়

৯) সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়

১০) প্রধান চিকিৎসা কর্মকর্তা(পূর্ব/পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/রাজশাহী

১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১২) চীফ কমানডেন্ট (পূর্ব/পশ্চিম), রেলওয়ে নিরাপত্তা বাহিনী, চট্টগ্রাম/রাজশাহী



মীর আলমগীর হোসেন
উপসচিব